# বাজেট ঘোষনার প্রেক্ষাপট

উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ২৪ নং আইনের ৩৮ ধারায় প্রতি অর্থ বছর শুরু হওয়ার কমপক্ষে ৬০ দিন পূর্বে পরিষদ উক্ত বছরের আয় ও ব্যয় সম্বলিত বিবরনী, অতঃপর বাজেট বলে উল্লেখিত, সরকার প্রণীত নির্দেশিকা অনুযায়ী প্রণয়ন করে উহার অনুলিপি পরিষদের নোটিশ বোর্ডসহ বিভিন্ন দর্শনীয় স্থানে প্রচার করে সর্ব সাধারণের মতামত বিবেচনা করে বহিঃ আকারে প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগসহ বিভিন্ন দপ্তরে প্রেরণের বিধান রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে রাজশাহী বিভাগের জয়পুরহাট জেলার কালাই উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ১,৪৬,৬৫,০০০/- টাকার রাজস্ব আয়, ১,১৪,০০,০০০/- টাকার উন্নয়ন আয় ও ১,৪৬,৬৫,০০০/- টাকার রাজস্ব ব্যয় এবং ১,১৪,০০,০০০/-টাকার উন্নয়ন ব্যয় সম্বলিত সর্বমোট ২,৬০,৬৫,০০০/-(দুই কোটি ষাট লক্ষ পঁয়ষট্টি হাজার ) টাকার সুষম বাজেট ঘোষণা করা হলো।

কালাই উপজেলা একটি কৃষি প্রধান এলাকা। এলাকার জমি অতি উর্বর ও ৩ ফসলী হওয়ায় এ এলাকাটি খাদ্য উদ্বৃত্ত উপজেলা হিসেবে পরিচিত। এখানে যেমন বন্যায় কোন ক্ষতি হয় না তেমনই খড়া পরিস্থিতি সামলে নেওয়ার জন্য রয়েছে আধুনিক সেচ ব্যবস্থা। এলাকাটি ধান ও আলুর জন্য খুবই প্রসিদ্ধ। উপজেলার বিভিন্ন গ্রাম গঞ্জে রাস্তাঘাট নির্মাণ, পাকাকরণ, গ্রামীন পয়ঃ নিষ্কাশনের ড্রেন নির্মাণ, বিভিন্ন শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য যে পরিমাণ অর্থের প্রয়োজন উপজেলা পরিষদের সামান্য আয়ের দ্বারা তা বাস্তবায়ন করা একান্ত দুষ্কর। সরকারের নিকট হতে প্রতি বৎসর যে পরিমাণ বরাদ্দ পওয়া যায় তাও প্রয়োজনের তুলনায় অত্যন্ত অপ্রতুল। ৯ টি ওয়ার্ডের একটি পৌরসভার জন্য প্রতিবৎসর ৬০/৭০ লক্ষ টাকা ক্ষেত্র বিশেষ কোটি টাকার এডিপির বরাদ্দ দেওয়া হয় পক্ষান্তরে একটি উপজেলা ৫ টি ইউনিয়ন পরিষদের জন্য বরাদ্দ দেয়া হয় ৪০/৫০ লক্ষ টাকা মাত্র। যা দ্বারা উপজেলা পরিষদে আগত সেবা প্রত্যাশিদের প্রত্যাশা পূরন করা একেবারেই অসম্ভব হয়ে পড়ে। এখাতে উপজেলা পরিষদের আয় বাড়ানোর জন্য পূর্বের মত উপজেলার সরকারি জলমহাল সমূহের  ইজারা মূল্যের একটি নির্দিষ্ট অংশে সরকারি খাতে জমা দিয়ে অবশিষ্ট সমুদয় টাকা স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে উপজেলা পরিষদের অনুকূলে ছেড়ে দেওয়া যুক্তিযুক্ত বলে নিম্ন স্বাক্ষরকারী মনে করেন।

এমতাবস্থায় উপরে বর্ণিত প্রেক্ষাপটে অদ্য ৩০ জুন, ২০২৩ তারিখ কালাই উপজেলা পরিষদের আগামী ২০২৩-২০২৪ অর্থ বৎসরের জন্য ১,৪৬,০০,০০০/-টাকার রাজস্ব আয় এবং ১,১৪,০০,০০০/- টাকার উন্নয়ন প্রাপ্তিসহ মোট ২,৬০,৬৫,০০০/- টাকার আয় এবং রাজস্ব ও উন্নয়ন খাতে সমপরিমাণ টাকার ব্যয়সহ মোট ২,৬০,৬৫,০০০/- টাকার আয়-ব্যয় হিসাব করে প্রস্তাবিত বার্ষিক বাজেট সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পেশ করছি। সে সাথে  বাজেট প্রস্তুত করণে উপজেলা পরিষদের যে সকল কর্মকর্তা ও কর্মচারী অত্যন্ত পরিশ্রম করেছেন তাদের সকলকে উপজেলা পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করছি।

এই প্রস্তাবিত বাজেটের বিষয়ে উপস্থিত ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া, সুশীল সমাজ, জনপ্রতিনিধিসহ যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষ হতে গঠনমূলক পরামর্শ ও উপদেশ পাওয়া গেলে সেটা বিবেচনা করা হবে।

তারিখঃ ৩০ জুন, ২০২৩ খ্রিঃ

৩০/০৬/২৩
(জান্নাত আরা তিথি)
উপজেলা নির্বাহী অফিসার
কালাই, জয়পুরহাট।

(মোঃ মিনফুজুর রহমান মিলন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কালাই, জয়পুরহাট।

ফরম-খ

# কালাই উপজেলা পরিষদের বাজেট

## অর্থ বছর ২০২২-২০২৩

## প্রাপ্ত আয় (রাজস্ব তহবিল)

অংশ

| অংশ | | | |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| প্রাপ্তির বিবরণ | ২০২২-২০২৩ অর্থ বছরের প্রকৃত বাজেট | ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট | ২০২৩-২০২৪ প্রকৃত বাজেট |
| ক) বাসাবাড়ী | ৫,৫০,০০০/- | ৪,০০,০০০/- | |
| খ) হাট বাজার | ৪৬,০০,০০০/- | ৩০,০০,০০০/- | |
| গ) পুকুর | - | - | |
| ঘ) ভূমি উন্নয়ন করের ২% | ৭০,০০০/- | ৬৫,০০০/- | |
| ঙ) অন্যান্য (জমি,নিলাম, গাছ বিক্রয় ও প্রভৃতি বাবদ) | ১,০০,০০০/- | ১,০০,০০০/- | |
| চ) পরিষদ কর্তৃক প্রদত্ত লাইসেন্স ফি(গভীর ও অগভীর নলকূপ) | ৮০,০০০/- | ১,০০,০০০/- | |
| ছ) ভূমি হস্তান্তর করের ১% | ৫৬,০০,০০০/- | ৭০,০০,০০০/- | |
| জ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) | ৬০,০০,০০০/- | ৪০,০০,০০০/- | |
| মোট= | ১,৭০,০০,০০০/- | ১,৪৬,৬৫,০০০/- | |

# অংশ-১ রাজস্ব হিসাব

## ব্যয়

## ২০২৩-২০২৪

| ব্যয়ের খাত | ২০২২-২০২৩ অর্থ বছরের প্রকৃত বাজেট | ২০২৩-২০২৪ প্রস্তাবিত বাজেট | ২০২৩-২০২৪ প্রকৃত বাজেট |
|---|---|---|---|
| | | | ৪ |
| ১ | ৩ | | |
| ১। সাধারন সংস্থাপন/প্রতিষ্টানিক<br>ক) সম্মানী /ভ্রমন/ভ্রমন ভাতা<br>খ) কর্মকর্তা কর্মচারিদের বেতন ভাতা<br>(১) পরিষদ কর্মচারী<br>(২) দায়মুক্ত ব্যয় (সরকারি কর্মচারী সম্পর্কিত)<br>গ) ইউ,পি কর্মচারীদের বেতন ভাতা/আনুতোষিক তহবিলের স্থানান্তর<br>ঘ) চেয়ারম্যানের বাড়ী ভাড়া<br>ঙ) যানবাহন মেরামত ও জ্বালানী | ১৬,৪৮,০০০/-<br>৩,৭৫,০০০/-<br>৩৪,০০,০০০/-<br>৬০,০০০/-<br>১,০০,০০০/- | ১৬,৪৮,০০০/-<br>৩,৭৫,০০০/-<br>৩২,০০,০০০/-<br>৬০,০০০/-<br>১,০০,০০০/- | |
| ২। কর আদায়ের জন্য ব্যয় | - | - | |
| ৩। অন্যান্য ব্যয়- | - | - | |
| ক) অফিস সরঞ্জামাদী ক্রয়<br>খ) সৌর প্যানেল মেরামত<br>গ) মশা নিধন<br>গ) প্রকাশনা<br>ঘ) বজ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা<br>ঙ) নিরাপত্তা খাত (আনসার) | ৩,০০,০০০/-<br>১০,০০০/-<br>১০,০০০/-<br>১,০০,০০০/-<br>১,০০,০০০/-<br>১,০০,০০০/- | ৩,০০,০০০/-<br>১০,০০০/-<br>১০,০০০/-<br>১,০০,০০০/-<br>১,০০,০০০/-<br>১,০০,০০০/- | |

| | | | |
|---|---|---|---|
| ক) টেলিফোন<br>খ) বিদ্যুৎ বিল<br>গ) পৌর কর<br>ঘ) আসবাবপত্র মেরামত<br>ঙ) আসবাবপত্র ক্রয়<br>চ) ভূমি উন্নয়ন কর<br>ছ) অভ্যান্তরীন অডিট ব্যয়<br>জ) মামলা খরচ<br>ঝ) আপ্যায়ন ব্যয়<br>ঞ) রক্ষণাবেক্ষন এবং সার্ভিসের জন্য ব্যয়<br>ট) অন্যান্য পরিশোধ যোগ্য কর/বিল (নিয়োগ বিজ্ঞপ্তি)<br>ঠ) আনুষাঙ্গিক ব্যয়<br>ড) আসবাব পত্র/কম্পিউটার ব্যয়<br>ঢ) অফিস ও বাসা বাড়ী রক্ষানাবেক্ষন<br>ন) গরীব ও মেধাবীদের জন্য শিক্ষা বৃত্তি<br>ত) সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন<br>থ) ফরমারিন , ক্ষতিকারক রাসায়নিক দ্রব্য সনাক্তকরন কীট ক্রয়।<br>দ) বিবিধ ব্যয় | ৬০,০০০/-<br>২,৫০,০০০/-<br>৬,৫০,০০০/-<br>-<br>-<br>৩০,০০০/-<br>১.০০,০০০/-<br>১,০০,০০০/-<br>৪,৫৬,০০০/-<br>৫০,০০০/-<br><br>২,০০,০০০/-<br><br>৬০,০০০/-<br>৩,০০,০০০/-<br>১০,০০,০০০/-<br>২,০০,০০০/-<br>১০,০০০/-<br>৫০,০০০/-<br><br>১,৫৫,০০০/- | ৬০,০০০/-<br>২,৫০,০০০/-<br>৬,০০,০০০/-<br>-<br>-<br>৩০,০০০/-<br>১.০০,০০০/-<br>৫০,০০০/-<br>৪,৫৬,০০০/-<br>৫০,০০০/-<br><br>১,০০,০০০/-<br><br>৬০,০০০/-<br>৩,০০,০০০/-<br>১০,০০,০০০/-<br>২,০০,০০০/-<br>-<br>৫০,০০০/-<br><br>১,৫৫,০০০/- | |
| ৪। কর আদায় খরচ (বিভিন্ন রেজিষ্টার , ফরম, রশিদ বই ইত্যাদি মুদ্রন) | ১,০০,০০০/- | ৭১,০০০/- | |
| ৫। বৃক্ষ রোপন ও রক্ষনাবেক্ষন | ১,০০,০০০/- | ১,০০,০০০/- | |
| ৬। ক) সামাজিক /ধর্মীয় প্রতিষ্টানে অনুদান ঃ<br>খ) উপজেলা এলাকার বিভিন্ন প্রতিষ্টানে/ক্লাব আর্থিক অনুদান | ১,০০,০০০/-<br><br>১,০০,০০০/- | ১,০০,০০০/-<br><br>১,০০,০০০/- | |
| ৭। জাতীয় দিবস উদযাপন | ২,০০,০০০/- | ২,০০,০০০/- | |
| ৮। খেলাধুলা, সংস্কৃতি ও স্কাউট | ২,০০,০০০/- | ২,০০,০০০/- | |
| ৯। শিক্ষা ও আইসিটি বিষয়ক প্রশিক্ষণ/সেমিনার | ১,০০,০০০/- | ১,০০,০০০/- | |
| ১০। বাল্যবিবাহ, ইভটিজিং, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ এবং মাদকের কুফল সংক্রান্ত সেমিনার/কর্মশালা | ১,০০,০০০/- | ১,০০,০০০/- | |
| ১১। স্বাস্থ্য ও জনস্বাস্থ্য খাত | ৪,০০,০০০/- | ১,০০,০০০/- | |
| ১২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) প্রাপ্ত বরাদ্দের দ্বারা বিভিন্ন ধরণের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ/অবকাঠামো নির্মাণ | ৬০,০০,০০০/- | ৪০,০০,০০০/- | |
| ১৩। জরুরী ত্রান/অপ্রত্যাশিত খাত | ৩,০০,০০০/- | ২,৫০,০০০/- | |
| ১৪। রাজস্ব উদ্বৃত্ত ও উন্নয়ন হিসাবে স্থানান্তর | ২৬,০০০/- | ৩০,০০০/- | |
| | | | |
| | ১,৭০,০০,০০০/- | ১,৫২,৪০,০০০/- | |